জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা

বিষয়ঃ বাংলা

খ সেট

পূর্ণমান-১০০ সময়-৩ ঘন্টা

[ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

সৃজনশীল অংশ (৪০ নম্বর)

গদ্যাংশ

যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।

১। মামুন চট্টগ্রাম অঞ্চলের অধিবাসী। একটি বিশেষ কাজে তাকে সিলেট যেতে হয়েছে। সেখানে গিয়ে তাকে সেখানকার মানুষের কথা বুঝতে যথেষ্ট বেগ পেতে হচ্ছে। আবার তার কথাও সেখানে অনেকেরই বুঝতে অসুবিধা হচ্ছে। কিছুদিন অতিবাহিত হওয়ার পর মামুন সিলেটের ভাষা বুঝতে কিছুটা সক্ষম হলো। সে চিন্তা করে দেখল একই দেশে অঞ্চল ভেদে ভাষার কত বৈচিত্র্য। এভাবেই হয়ত মানুষের মুখে মুখে একসময় বাংলা ভাষার পরিবর্তন হয়ে নতুন ভাষার জন্ম হবে।

ক. 'শ্লোক' কাকে বলে? ১

খ. 'সংস্কৃত ভাষাই বাংলার জননী'-ব্যাখ্যা কর? ২

গ. উদ্দীপকের মামুনের দৃষ্টিতে ভাষার যে বৈচিত্র্য পরিলক্ষিত হয়েছে তা 'বাংলা ভাষার জন্মকথা'প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ভাষার পরিবর্তনের যে ইঙ্গিত পাওয়া যায় তা 'বাংলা ভাষার জন্মকথা'প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। পহেলা বৈশাখের দিন জাফরিন নতুন জামা কাপড় পরে বাবার সাথে তাদের খান কাপড়ের দোকানে গিয়ে দেখল, অনেক সুন্দর করে রঙিন কাগজ দিয়ে দোকান সাজানো হয়েছে। আর বাবার ব্যবসায়ী বন্ধুরা যারা আগে বাকিতে কাপড় কিনতো তারা আজ যথাসম্ভব বকেয়া পরিশোধ করছে। তাদের জন্য আজ দোকানে মিষ্টিমুখেরও ব্যবস্থা রয়েছে। জাফরিন বাবাকে এর কারণ জিজ্ঞেস করলে বাবা বলেন, এটা আমাদের নববর্ষের উৎসবেরই একটি অংশ।

ক. অধিকাংশ ঐতিহাসিকের মতে বাংলা সনের প্রবর্তক কে? ১

খ. বাংলা নববর্ষ উদযাপন বাঙালি জাতিসত্তার অংশ হলো কীভাবে? ২

গ. উদ্দীপকে 'বাংলা নববর্ষ ' প্রবন্ধের যে অনুষ্ঠানটির ইঙ্গিত রয়েছে তা ব্যাখা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উক্ত অনুষ্ঠানটি ছাড়াও বাংলা নববর্ষে আরও অনুষ্ঠান নানাভাবে উদযাপিত হয়।' মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

26.06.18

৩। মতিন মিয়া তার এলাকার কারিগর দিয়ে একটি পিতলের কলস ও ঘটি তৈরি করাল। বন্ধুর বিয়েতে সে এই কলস ও ঘটি উপহার হিসেবে দিল। উপহার দেখে উপস্থিত অনেকে উপহাস করল; আবার অনেক প্রশংসাও করল। বিয়েতে উপস্থিত এলাকার দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট বললেন, স্থানীয় কারিগরদের এরূপ লোকশিল্প নিয়ে আমাদের গর্ব করা উচিত।

ক. লোকশিল্প কী? ১

খ. নকশিকাঁথার প্রতিটি সুঁচের ফোঁড়ের মধ্যে লুকিয়ে আছে গ্রামীণ পরিবারের জীবনগাঁথা।- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মতিনের দেওয়া উপহারটিকে শিল্পগুণ বিচারে কোন শ্রেণির অর্ন্তভুক্ত করা যায়? 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সুপারিনটেনডেন্টের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## 'কবিতাংশ'

**যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও।**

৪।

নিয়ত মানসধামে একরূপ ভাব
জগতের সুখ-দুঃখে সুখ-দুঃখ লাভ"
পরপীড়া পরিহার, পূর্ণ পরিতোষ
সদানন্দে পরিপূর্ণ স্বভাবের কোষ"
নাহি চায় আপনার পরিবার সুখ
রাজ্যের কুশল কার্যে সদা হাস্যমুখ"
কেবল পরের হিতে প্রেম লাভ যার
মানুষ তারেই বলি মানুষ কে আর?

ক. 'দুই বিঘা জমি' কী ধরনের কবিতা? ১

খ. 'এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি'-বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মানুষের গুণাবলির সাথে -'দুই বিঘা জমি' কবিতার মহারাজের বৈসাদৃশ্য দেখাও'। ৩

ঘ. 'দুই বিঘা জমি'র মহারাজ উদ্দীপকের গুণে গুণান্বিত হলে উপেনের এই পরিণতি হতো না,-উক্তিটি মূল্যায়ন কর। ৪

26.08.18

৫। রুবেল উচ্চ শিক্ষালাভের জন্য আমেরিকা গিয়ে পরবর্তীতে ওখানেই চাকুরি নিয়ে স্থায়ীভাবে বসবাস শুরু করে। মা-বাবাকে নিয়ে যাবার কথা থাকলেও কাজের ব্যস্ততায় তা আর সম্ভব হয়ে উঠেনি। বেশ ক'বছর পরে বাবা-মায়ের মৃত্যু ঘটে। তিনি নিজেকে ক্ষমা করতে পারলেন না। দেশে ফিরে এসে বাবা-মায়ের নামে এলাকায় বিদ্যালয়, মাদ্রাসা, এতিমখানা প্রতিষ্ঠা করলেন। এভাবে সৃষ্টিশীল কর্মের মাধ্যমে রুবেল এলাকাবাসীর মনে জায়গা করে নিলেন।

ক. 'বঙ্গভূমির প্রতি' কবিতানুযায়ী নরকূলে ধন্য কে? ১

খ. প্রবাসে কবির জীবনাবসান ঘটলেও খেদ নেই কেন? বুঝিয়ে লেখ। ২

গ. কবি ও উদ্দীপকের রুবেলের মধ্যে কী কী সাদৃশ্য আছে? 'বঙ্গভূমির প্রতি'কবিতানুযায়ী ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মানুষের মনে বেঁচে থাকার জন্য তারা দুজনে ভিন্ন ভিন্ন পথ অবলম্বন করেছেন;-উক্তিটি উদ্দীপক ও 'বঙ্গভূমির প্রতি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মসজিদের ইমাম সাহেব জুমার নামাজের খুতবায় বলেন, রসুল (স) এর আবির্ভাবের পরে আরব দেশে কন্যাশিশু হত্যা বন্ধ হয়। তিনি আরো বলেন, নারী পুরুষ উভয়ই আল্লাহর সৃষ্টি। তার চোখে সবাই সমান। সমাজ বিনির্মাণে পুরুষের পাশাপাশি নারীর ও সমান যোগ্যতা রয়েছে।

ক. 'নারী' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? ১

খ. 'কোনো কালে একা হয়নিক, জয়ী পুরুষের তরবারি'- বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. ইমাম সাহেবের বক্তৃতার সাথে 'নারী' কবিতার কোন দিকটির সাদৃশ্য আছে-বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষ উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## নির্মিতি অংশ (৩০ নম্বর)

৭। যে কোন ১টি প্রশ্নের উত্তর দাও। ৫×১= ৫

ক. সারমর্ম লেখঃ

বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই,
"কুঁড়েঘরে থাকি কর, শিল্পের বড়াই!
আমি থাকি মহাসুখে অট্টালিকা পরে,
তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে"

26.06.18

বাবুই হাসিয়া কহে,"সন্দেহ কি তায়,-

কষ্ট পাই তবু থাকি নিজের বাসায়

পাকা হোক তবু ভাই পরের বাসা

নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা"।

**খ. সারমর্ম লেখঃ**

সৌভাগ্য আকাশ থেকে পড়ে না। জীবনে সৌভাগ্য অর্জনের জন্য প্রচুর পরিশ্রম ও নিরন্তর সাধনার দরকার হয়। সব মানুষের মধ্যে সুপ্ত প্রতিভা আছে। পরিশ্রমের দ্বারা সেই সুপ্ত প্রতিভাকে জাগিয়ে তুলতে হয়। যে মানুষ কর্মকে জীবনের ব্রত হিসেবে গ্রহণ করেছে। জীবন সংগ্রামে তারই হয়েছে জয়। কর্মের প্রতি নিবেদিত প্রাণ ব্যক্তি জীবনে সফল সৈনিক হতে পারে। কর্মহীন ব্যক্তি সমাজের বোঝা-স্বরূপ। অন্যদিকে শ্রমশীলতাই মানবজীবনের সৌভাগ্যের চাবিকাঠি। আমাদের জীবনে উন্নতি করতে হবে, জীবনে সুখী হতে হলে পরিশ্রমের বিকল্প নেই।

**৮। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ** **৫×১= ৫**

**ভাব সম্প্রসারণ কর ঃ**

ক. পুষ্প আপনার জন্য ফোটে না।

খ. শৈবাল দিঘিরে কহে উচ্চ করি শির

লিখে রেখ এক ফোঁটা দিলাম শিশির।

**৯। যে কোন ১টি প্রশ্নের উত্তর দাওঃ** **৫×১= ৫**

ক) মনে কর, তোমার নাম সোনিয়া আর তোমার প্রবাসী বান্ধবীর নাম সোফিয়া। বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে তাকে একটি পত্র লেখ।

খ) মনে কর, তুমি জাঙ্গালীয়া সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা, গাজীপুর এর অষ্টম শ্রেণির একজন ছাত্র। তোমাদের মাদ্রাসার একটি 'বিতর্ক ক্লাব' গঠনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একখানা আবেদন পত্র রচনা কর।

**১০। যে কোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা কর।** **১৫×১= ১৫**

ক) অধ্যবসায়

খ) বাংলাদেশের বন্যা ও তার প্রতিকার

গ) কম্পিউটার

26.06.18

## বহু নির্বাচনি অংশ (৩০ নম্বর)

[দ্রষ্টব্যঃ সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রত্যেক প্রশ্নের মান ১. সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। 'পড়ে পাওয়া' গল্পে বালকদের দলের মধ্যে বয়সে বড় ছিল কে?

ক) তিনু খ) বাদল গ) বিধু ঘ) মিঠু

২। কোন ভাষায় রূপ অপরিবর্তনীয়?

ক) সাধু খ) চলিত গ) প্রমিত ঘ) আঞ্চলিক

৩। বাংলা ভাষার রচিত প্রথম মহাকাব্যের নাম কী?

ক) বিষাদসিন্ধু খ) মেঘনাদবধ

গ) পদ্মাবতী ঘ) বীরাঙ্গনা

৪। ১৯৬৯-এর গণঅভ্যুত্থান হওয়ার কারণ-

ক) দেশের স্বাধীনতা অর্জন খ) গণতন্ত্র প্রতিষ্ঠা

গ) ভাষার দাবি প্রতিষ্ঠা ঘ) সামরিকতন্ত্র প্রতিষ্ঠা

৫। সন্ধির ফলে নতুনভাবে কীসের সৃষ্টি হয়?

ক) অর্থ খ) শব্দ গ) বাক্য ঘ) ধ্বনি

৬। 'দুই বিঘা জমি' কবিতাটিতে কবি তাদের স্বরূপ তুলে ধরেছেন, যারা-

i. সাধারণের সম্পদ লুট করে

ii. অন্যায়কে ন্যায় বলে ভাবে

iii. গরিবের প্রতি সহানুভূতিশীল

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। লিঙ্গ শব্দের অর্থ কী?

ক) মিলন খ) লক্ষণ গ) সংযোজন ঘ) বিয়োজন

26.06.18

৮। বাক্যের অর্থ স্পষ্টকরণের জন্য কী ব্যবহৃত হয় ?

ক) কার খ) ফলা গ) বিরামচিহ্ন ঘ) যুক্তবর্ণ

৯। 'তৈলচিত্রের ভূত' গল্পে ডাক্তারের নাম কী?

ক) নগেন খ) গণেশ গ) পরাশর ঘ) সত্যানন্দ

১০। শব্দের ক্ষুদ্রতম একক কোনটি?

ক) ধ্বনি খ) বর্ণ গ) যুক্তবর্ণ ঘ) ফলা

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।

'গোধূলি লগনে জগদীশে স্মরণে
বিদায় লইব জনমের তরে
লুকাইব আমি সন্ধ্যার আঁধারে, বাংলা মায়ের ক্রোড়ে ॥'

১১। উদ্দীপকে 'আবার আসিব ফিরে' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?

ক) স্বদেশচেতনা খ) মৃত্যুচেতনা গ) প্রকৃতিচেতনা ঘ) ধর্মচেতনা

১২। উক্ত দিকটি নিচের কোন চরণের সাথে সাদৃশ্যপূর্ণ?

i. আবার আসিব ফিরে ধান সিঁড়িটির তীরে এই বাংলায়

ii. হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে

iii. আবার আসিব আমি বাংলার নদী মাঠ খেত ভালোবেসে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। একটি আদর্শ বা সার্থক কাব্যের গুণ কয়টি?

ক) দুইটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি

১৪। প্রাচীন ভারতীয় আর্যভাষার শেষ স্তরটির নাম কী?

ক) বাংলা খ) মারাঠি গ) পাঞ্জাবি ঘ) অপভ্রংশ

১৫। কোনটি উভয় লিঙ্গ বাচক শব্দ?

ক) সম্রাট খ) লেখিকা গ) সুন্দর ঘ) মানুষ

26.08.18

১৬। ‘পাছে লোকে কিছু বলে’ কবিতাটির রচয়িতা কে?

ক) সুফিয়া কামাল খ) কামিনী রায়

গ) বুদ্ধদেব বসু ঘ) জসীমউদ্দীন

১৭। ভাষা ও জাতির নামের শেষে কী বসে?

ক) আ-কার খ) ই-কার গ) উ-কার ঘ) ঋ-কার

১৮। মসলিন মূলত এক প্রকার-

ক) খাবার খ) কাপড় গ) আসবাব ঘ) পানীয়

১৯। ‘জনৈক’ শব্দটি সন্ধির কোন নিয়মের উদাহরণ?

ক) অ+অ খ) অ+আ

গ) অ+ই ঘ) ই+ঈ

২০। কবি নজরুলকে বিদ্রোহী বলার কারণ-

i. তিনি পরাধীনতার বিরুদ্ধে বিদ্রোহী

ii. তিনি শোষণের বিরুদ্ধে প্রতিবাদী

iii. তিনি অবিচারের বিরুদ্ধে প্রতিবাদী

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১। ‘ইহা’ শব্দটির চলিত রূপ কোনটি?

ক) এ খ) ও গ) একে ঘ) এদের

২২। ‘সুখী মানুষ’ গল্প অনুসারে সুখ আসলে কী?

ক) আপেক্ষিক খ) সাপেক্ষ গ) নিরপেক্ষ ঘ) অর্জিত

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:

বেলতলির চেয়ারম্যান কঠিন রোগে আক্রান্ত। একসময় সে ছিল অত্যাচারী ও নিষ্ঠুর। সে জোর করে গরিবদের ঘরবাড়ি, জমিজমা আত্মসাৎ করত। এভাবে সে সম্পদের পাহাড় গড়ে তোলে। কিন্তু তার মনে কোনো সুখ নেই। কারণ সে মরণরোগে আক্রান্ত।

26.06.18

২৩। অনুচ্ছেদটি পাঠ্যবইয়ের কোন রচনাকে নির্দেশ করে?

ক) সুখী মানুষ খ) তৈলচিত্রের ভূত

গ) মংডুর পথে ঘ) পড়ে পাওয়া

২৪। উক্ত রচনার মোড়লের মতো উদ্দীপকের চেয়ারম্যান যে প্রকৃতির মানুষ-

i. অত্যাচারী ii. দয়ালু iii. নিষ্ঠুর

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। নাটকের সংলাপের আগে কী বসে?

ক) কমা খ) হাইফেন গ) কোলন ঘ) সেমিকোলন

২৬। যুদ্ধকে নারী কবিতায় কোন শব্দ দ্বারা বোঝানো হয়েছে?

ক) লড়াই খ) রণ গ) সংগ্রাম ঘ) দ্রোহ

২৭। 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) শশী খ) করি গ) বহ্নি ঘ) পাথার

২৮। 'রুপাই' কবিতাটি পল্লিকবি জসীম উদ্‌দীনের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?

ক) রাখালী খ) নক্‌শি কাঁথার মাঠ

গ) বালুচর ঘ) সুজন বাদিয়ার ঘাট

২৯। যে বাক্যে একটি কর্তা ও একটিই সমাপিকা ক্রিয়া থাকে তাকে কোন ধরনের বাক্য বলে?

ক) সরল খ) জটিল গ) যৌগিক ঘ) খণ্ড

৩০। শব্দের অনুকরণে বা বিকারে যেসব শব্দের সৃষ্টি হয় তাকে কোন ধরনের শব্দ বলে?

ক) ধ্বন্যাত্মক খ) অনুকার গ) দ্বিরুক্ত ঘ) প্রতিকার

26.06.18